**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# লোক ও কারুশিল্পী পদক প্রদান নীতিমালা ২০২২

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন**
**সোনারগাঁও, নারায়ণগঞ্জ**

## ১. শিরোনাম

এ নীতিমালা লোক ও কারুশিল্পী পদক প্রদান, নীতিমালা ২০২২ নামে অভিহিত হবে।

## ২. পটভূমি

লোক ও কারুশিল্প বাংলাদেশের সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। বাংলার লোকজ জীবনধারার দৈনন্দিন জীবনাচারের দৃশ্যমান নান্দনিকতা, চিন্তা-চেতনা, বিশ্বাস ও স্বপ্ন, লোক ও কারুশিল্পের মধ্যে নিহিত। কারুশিল্পী এবং তাঁর সৃষ্ট কর্মকে মূল্যায়নের মাধ্যমে এ শিল্পকে সজীব রাখা এবং এর বিকাশের লক্ষ্যে রাষ্ট্রীয় সম্মাননা প্রদানের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো।

## ৩. বাস্তবায়ন কর্তৃপক্ষ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।

## ৪. সম্মাননার বিবরণ

(১) পদকপ্রাপ্ত লোক ও কারুশিল্পীকে ৪৫ মিলিমিটার ব্যাসের গোলাকার ও ০৩ মিলিমিটার পুরু ২১ (একুশ) ক্যারেট স্বর্ণনির্মিত এক ভরি বা ১১.৬৬ গ্রাম ওজনের পদক প্রদান করা হবে।

(২) পদকের সম্মুখভাগে ফাউন্ডেশনের মনোগ্রাম ও দেশের নাম এবং 'লোক ও কারুশিল্পী পদক (সাল)'-এর উল্লেখ থাকবে। পিছনের অংশে লোক ও কারুশিল্পের মাধ্যম, পদকপ্রাপ্ত শিল্পীর নাম, সরকারি মনোগ্রাম, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর নাম উল্লেখ থাকবে।

(৩) পদকপ্রাপ্ত লোক ও কারুশিল্পীকে নগদ এক লক্ষ টাকা ও সনদপত্র প্রদান করা হবে।

## ৫. যে সকল লোক ও কারুশিল্প মাধ্যম এ পদক প্রদান করা হবে

(১) মৃৎশিল্প (চিত্রিত মাটির শিল্পকর্ম/মাটির পুতুল/পোড়ামাটির তৈজসপত্র);<br>
(২) দারুশিল্প (কারুকার্য সংবলিত কাঠখোদাই বা চিত্রিত দারুশিল্প);<br>
(৩) শীতলপাটি, বাঁশ ও বেতের লোক-কারুশিল্প সামগ্রী;<br>
(৪) বয়নশিল্প (জামদানি, রেশম ও অন্যান্য তাঁতশিল্প);<br>
(৫) নকশি হাতপাখা;<br>
(৬) পাটজাত কারুশিল্প;<br>
(৭) ধাতব কারুশিল্প;<br>
(৮) অলংকার শিল্প;<br>
(৯) নকশিকাঁথা ও সূচিশিল্প;<br>
(১০) শঙ্খ, ঝিনুক ও মুক্তাশিল্প;<br>
(১১) শোলা শিল্প এবং হস্তনির্মিত কাগজ শিল্প;<br>
(১২) আলপনা ও নকশা;<br>
(১৩) পটচিত্র ও রিক্সা পেইন্টিং<br>
(১৪) বিবিধ লোক ও কারুশিল্প।

## ৬. পদকপ্রাপ্তির ক্ষেত্রে আবেদন করার যোগ্যতা

(১) ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্পের ৫ অনুচ্ছেদে বর্ণিত যে কোনো মাধ্যমের একজন অভিজ্ঞ ও দক্ষ শিল্পী হতে হবে;<br>
(২) তৈরি কারুপণ্যে কারুশিল্পীর স্বকীয়তা সৃজনশীলতা এবং নান্দনিকতার বহিঃপ্রকাশ থাকতে হবে।

## ৭. আবেদন আহ্বান ও বাছাই

(১) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে বহুল প্রচারিত দুইটি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন আহ্বান করবে। এছাড়াও, ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;

(২) নির্ধারিত আবেদন ফরম (তফশিল-ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কার্যালয় এবং ঢাকাস্থ শিল্পকলা একাডেমি থেকে সংগ্রহ করতে হবে। পাশাপাশি, ফাউন্ডেশন ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করতে পারবে।

(৩) আবেদন ফরমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ বরাবর সরাসরি/অনলাইনে/ডাকযোগে দাখিল করতে হবে;
(৪) বিগত বছরে অন্য কোনো প্রতিষ্ঠান থেকে সম্মাননা পেয়ে থাকলে সে তথ্য আবেদনে উল্লেখ করতে হবে;
(৫) লোক ও কারুশিল্প তৈরিতে জাতীয় ও আন্তর্জাতিক সম্মাননা বা স্বীকৃতি পেয়ে থাকলে কিংবা বিশেষ অর্জন থাকলে তার প্রমাণক আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে;
(৬) লোক ও কারুশিল্পীর শ্রেষ্ঠ শিল্পকর্মের অন্তত ২ (দুই)টি নমুনা আবেদনের সঙ্গে জমা দিতে হবে;
(৭) মিথ্যা তথ্য প্রদান করে পদকপ্রাপ্তির জন্য আবেদন করা করা হলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৮. পদক প্রদানের রীতি**

(১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(২) প্রতিবছর ন্যূনতম একজন নারীসহ ৩ (তিন) জন কারুশিল্পীকে এ পদক প্রদান করা হবে;
(৩) প্রতিবছর একই জেলা থেকে একই মাধ্যমে একাধিক লোক ও কারুশিল্পীকে নির্বাচিত করা যাবে না;
(৪) একবার পদক প্রাপ্ত হলে পুনরায় তাঁর আবেদন বিবেচনা করা হবে না।

**৯. মনোনয়ন কমিটি গঠন**

লোক ও কারুশিল্পী পদক প্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বাছাই ও মনোনয়নের জন্য নিম্নরূপভাবে একটি মনোনয়ন কমিটি থাকবে

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব (উইং প্রধান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রতিনিধি | - সদস্য |
| (৪) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| (৫) সভাপতি, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ | - সদস্য |
| (৬) ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের একজন সম্মানিত সদস্য (লোক ও কারুশিল্প উন্নয়নে উৎসাহী তিনজন সদস্যের মধ্যে একজন সদস্যকে সবিম কর্তৃক মনোনীত করা হবে) | - সদস্য |
| (৭) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের প্রধান নকশাবিদ (শিল্পী প্রতিনিধি) | - সদস্য |
| (৮) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | - সদস্য-সচিব |

**১০. মনোনয়ন কমিটির কার্যপরিধি**

কমিটি প্রাপ্ত আবেদনসমূহ বাছাই করে প্রতিবছর ন্যূনতম একজন নারীসহ ৩ (তিন) জন লোক ও কারুশিল্পীকে পদক প্রদানের জন্য সুপারিশ করবে।

**১১. লোক ও কারুশিল্প পদক প্রদান তহবিল**

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮এর ধারা-৯-এ গঠিত তহবিল হতে এ পদক প্রদানের যাবতীয় ব্যয়ভার বহন করা হবে।

১২. **নীতিমালা সংশোধন**

প্রয়োজনে সরকারের অনুমোদনক্রমে নির্বাহী আদেশ দ্বারা এ নীতিমালা সংশোধন/হালনাগাদ করা যাবে।

মো: আবুল মনসুর
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বিনামূল্যে বিতরণের জন্য

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

ছবি

**লোক ও কারুশিল্পী পদকপ্রাপ্তির আবেদন ফরম**

পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

১। কারুশিল্পীর নাম :
২। মাতার নাম :
৩। পিতার নাম :
৪। ঠিকানা
ক) বর্তমান :
খ) স্থায়ী :
৫। পেশা :
৬। অভিজ্ঞতার প্রমাণক :
(জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতি, দেশে বিদেশে মেলা/প্রদর্শনীতে অংশগ্রহণ/স্বীকৃতি হিসেবে প্রাপ্ত সনদ সম্মাননা পত্র/কারুশিল্পীকে নিয়ে পত্রিকায় প্রকাশিত সংবাদ প্রতিবেদন/ আনুষ্ঠানিক স্বীকৃতি ইত্যাদি)
৭। জন্মসনদ (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত) :
৮। জন্মতারিখ (জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী) ও বয়স :
৯। জাতীয় পরিচয়পত্রের নম্বর :
১০। কারুশিল্পের মাধ্যম :
১১। জমাকৃত লোক-কারুশিল্পসমূহের বিবরণ (শিল্পকর্মসহ) :

১২। আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য এবং এর কোনো অংশ ভুল প্রমাণিত হলে সরকার কর্তৃক গৃহীত যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

(আবেদনকারীর স্বাক্ষর)
ও তারিখ

১৩। জ্ঞাতব্য বিষয়াবলি :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;
২. আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি নির্দিস্ট স্থানে সংযুক্ত করতে হবে;
৩. আবেদনকারীর আবেদনের সপক্ষে প্রয়োজনীয় তথ্যপ্রমাণাদি সংযুক্ত করতে হবে;
৪. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের অনুলিপি দিতে হবে;
৫. কারুশিল্প তৈরিতে জাতীয় ও আন্তর্জাতিক সম্মাননা, পদক,স্বীকৃতি পেয়ে থাকলে/জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের লোক-কারুমেলা, প্রদর্শনী বা কোনো অনুষ্ঠানে অংশগ্রহণ করে থাকলে/বিশেষ কোনো অর্জন থাকলে তার প্রমাণক আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে;
৬. কারুশিল্পীর অনূর্ধ্ব দুটি শিল্পকর্ম আবেদনের সাথে দাখিল করতে হবে।